**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-11-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Orange Festival :**

আজ বাধারঘাটে কৃষি দপ্তরের প্রজেনি অর্চার্ডে দু`দিনব্যাপী রাজ্যভিত্তিক কমলা উৎসবের সমাপ্তি হচ্ছে । গতকাল কৃষিমন্ত্রী রতনলাল নাথ অনুষ্ঠানের উদ্বোধন করেন । তিনি বলেন, বর্তমানে রাজ্যে কমলার উৎপাদন বাড়ছে। তাই নতুন করে কমলা উৎসবের আয়োজন করা হচ্ছে। কৃষিমন্ত্রী বলেন, গতবছর পর্যন্ত রাজ্যে ৫ হাজার ৬২০ হেক্টর জমিতে কমলা চাষ করা হচ্ছে। উৎপাদন বেড়ে হয়েছে প্রায় ২৫ হাজার ৩২৮ মেট্রিকটন। বর্তমানে বড়মুড়া, আ□রোমুড়া, শাখান পাহাড়ে কমলাচাষ হচ্ছে। জম্পুইপাহাড়েও নতুন করে কমলা চাষ বাড়ানোর চেষ্টা অব্যাহত আছে ।

*************************

**PM-Hyderabad:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার বেসরকারি বিনিয়োগকারীদের জন্য পারমাণবিক ক্ষেত্রে উন্মুক্ত করার দিকে এগিয়ে চলেছে।নয়াদিল্লি থেকে ভিডিও কনফারেন্সে তেলঙ্গানার হায়দ্রাবাদে স্কাইরুটের ইনফিনিটি ক্যাম্পাস উদ্বোধনের পর প্রধানমন্ত্রী এই কথা বলেন। তিনি জোর দিয়ে বলেন, এই সংস্কার ভারতের জ্বালানি নিরাপত্তা এবং প্রযুক্তিগত নেতৃত্বকে নতুন শক্তি দেবে। তিনি বলেন, গত ছয়-সাত বছরে ভারত তার মহাকাশ ক্ষেত্রকে

একটি উন্মুক্ত, সহযোগিতামূলক এবং উদ্ভাবন-চালিত বাস্তুতন্ত্রে রূপান্তরিত করেছে।

**##### Byte-PM #####**

*****************************

**Minister Sudhangshu Das :**

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মাংস উৎপাদনে ত্রিপুরা বর্তমানে স্বয়ম্ভর রাজ্য। তবে ডিম, দুধ ও মাছ উৎপাদনে স্বয়ম্ভরতার লক্ষ্য অর্জনে রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের বিভিন্ন সামগ্রীর বিতরণ অনুষ্ঠানে গতকাল তিনি একথা বলেন। অনুষ্ঠানে সুবিধাভোগীদের মধ্যে বিভিন্ন ব্যবহার সামগ্রী বিতরণ করা হয়।

*******************

**National Commission-ST :**

ন্যাশনাল কমিশন অব শিডিউল ট্রাইবস'র চেয়ারপার্সন অন্তর সিং আর্য গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সারা দেশে বসবাসরত জনজাতিদের আর্থ ও সামাজিক মান উন্নয়নে নানা উদ্যোগ গ্রহণ করেছেন। এই উদ্যোগসমূহ দেশের জনজাতিদের কাছে যাতে যথাযথভাবে পৌঁছায় তা নজরদারির জন্য কেন্দ্রীয় সরকার জাতীয় তপশিলি জনজাতি কমিশন গ□ন করেছে। কমিশন প্রতিবছর রাষ্ট্রপতির কাছে জনজাতিদের বিষয়ে রিপোর্ট পেশ করে। তিনি বলেন, এই কমিশন

গত ২৫-নভেম্বর থেকে রাজ্যের তপশিলি জনজাতি অধ্যুষিত বিভিন্ন গ্রাম পরিদর্শন করে। গতকাল সাংসদ, বিধায়ক, এডিসি'র জনপ্রতিনিধি, জনজাতি গোষ্ঠীর সমাজপতি ও এনজিও'র সাথে জনজাতিদের উন্নয়নের বিষয়ে বৈ□ক হয়েছে। কমিশন গতকাল লেফুঙ্গা ব্লক পরিদর্শন করে। পরিদর্শনকালে বহু জনজাতি যুবক-যুবতীর সাথে মতবিনিময় করা হয়।

*************************

**Blood Donation-BSF :**

বি.এস.এফের উদয়পুর সেক্টর ও ১৬৯ নম্বর বাহিনীর উদ্যোগে গতকাল বাগমা বি.এস.এফ ক্যাম্পাসে এক স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বি.এস.এফের উদয়পুর সেক্টরের অধীনে থাকা চারটি বাহিনীর ৪৭ জন জওয়ান স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন সীমান্ত রক্ষী বাহিনীর উদয়পুর সেক্টরের ডিআইজি গজরাজ যাদব, সেক্টর হাসপাতালের মুখ্য স্বাস্থ্য আধিকারিক আর. কে. পা□ক প্রমুখ।

************************

**SC Urges for stricter Law on Disabled :**

সুপ্রিম কোর্ট কেন্দ্রকে দিব্যাঙ্গদের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্য মোকাবেলায় ক□ার আইন প্রণয়নের কথা বলেছে। দিব্যাঙ্গদের মর্যাদা রক্ষার জন্য ক□ার আইন প্রণয়নের প্রয়োজনীয়তার কথা তুলে ধরে, গতকাল শীর্ষ আদালত কেন্দ্রকে এসসি-এসটি আইনের আদলে দিব্যাঙ্গ ব্যক্তিদের উপহাস এবং বিরল জিনগত ব্যাধি নিয়ে অবমাননাকর মন্তব্যকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করার জন্য একটি আইন প্রণয়নের কথা বিবেচনা করতে বলেছে। প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর

বেঞ্চ বলেছে, অনলাইন প্ল্যাটফর্মে অশ্লীল, আপত্তিকর বা অবৈধ বিষয়বস্তু নিয়ন্ত্রণ করার জন্য একটি নিরপেক্ষ, স্বাধীন এবং স্বায়ত্তশাসিত সংস্থা প্রয়োজন। কেন্দ্রের পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহতা বলেছেন, রসবোধ কারও মর্যাদার মূল্যে হতে পারে না। শীর্ষ আদালত এসএমএ কিউর ফাউন্ডেশনের দায়ের করা একটি আবেদনের শুনানি করছিল, যা বিরল স্পাইনাল মাসকুলার অ্যাট্রোফি রোগে আক্রান্ত ব্যক্তিদের জন্য কাজ করে।

**********************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

************************

**Awareness-Cyber Fraud :**

সাইবার অপরাধের উপর জনসচেতনতা গড়ে তুলতে গতকাল উদয়পুরে নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ে আইনি সচেতনতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। গোমতী জেলা আইনসেবা কর্তৃপক্ষ আয়োজিত এই অনুষ্ঠানে আলোচনা

করেন গোমতী জেলার ডি.আই.বি ইউনিটের ডি.এস.পি. অভিজিৎ দাস এবং নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ের অধ্যাপক সুভাষ সরকার। ডি.এস.পি. শ্রী দাস মোবাইলে অপরিচিত কাউকে ব্যাঙ্ক, প্যান কার্ড, আধার কার্ড সম্পর্কিত তথ্য দেবার ক্ষেত্রে অত্যন্ত সতর্ক থাকতে পরামর্শ দেন।

************************

**Weathe**r:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: পরিস্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৯ ডিগ্রি সেলসিয়াস।

*******************

********************